



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়


কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫
ফোন : ৯১৩১৫৮০, ফ্যাক্স : +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইল : dkibbd@gmail.com, ওয়েব : www.dkib.org

স্মারক নং-৯৬

তারিখ : ২০/০৫/২০১৮ খ্রিঃ

চট্টগ্রাম জেলার উপপরিচালকের উস্কানিমূলক বক্তব্যের প্রতিবাদ

১৭/০৫/১৮ইং তারিখে জেলা প্রশিক্ষণ হলে প্রশিক্ষণ চলাকালীন সময়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম এর মন্তব্য “স্মারকলিপি প্রদান করায় ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল প্রাপ্তি ১০ বছর পিছিয়ে গেল”। তাহলে যেগুলি কয়েক কৃষিবিদ ডিপ্লোমা কৃষিবিদদের বিরুদ্ধে জঘন্যতম ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে তিনি নিশ্চয় তাদেরই একজন। কোন কারণে যদি ডিপ্লোমা কৃষিবিদ ১০ম গ্রেড বেতনস্কেল প্রাপ্তি বিলম্বিত হয় তবে সে জন্য তাকে এর খেসারত দিতে হবে। যিনি এস.এম.ও পদ থেকে শুরু করে উপপরিচালক পর্যন্ত একই জেলায় প্রায় ৩০ (ত্রিশ) বৎসর যাবৎ চাকুরি করে চুরি ও দুর্নীতির পাহাড় গড়ে চলেছেন, তার মুখে এ ধরনের বাগাড়ম্বর বক্তব্য মানায় না। এহেন একজন অসাধু, দুর্নীতিবাজ কর্মকর্তার উল্লেখিত বক্তব্যের জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে তীব্র নিন্দা ও ধিক্কার জানাচ্ছি। ভবিষ্যতে এধরনের উস্কানিমূলক বক্তব্য থেকে বিরত থাকার জন্য আহবান জানানো হলো। অন্যথায় সৃষ্ট যেকোন পরিস্থিতির জন্য তাকেই দায়ভার বহন করতে হবে।


(এ.টি.এম আবুল কাশেম)
সভাপতি
০১৭১১-৪৮৮৪২৫